গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/৩১৭/১(৫৩২) তারিখ: ২২.১১.২০২৩ খ্রি.

**বিষয়: উপবৃত্তির জন্য শিক্ষার্থীর আবেদনপত্রের তথ্যাদির সঠিকতা যাচাই-বাছাইয়ের জন্য শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ের কমিটি ও এর কর্মপরিধি অনুযায়ী কার্যক্রম গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ে পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির মাধ্যমে সারাদেশে ৬ষ্ঠ হতে ১২শ শ্রেণিতে অধ্যয়নরত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি ও টিউশন ফি যথাযথভাবে বিতরণের লক্ষ্যে শিক্ষার্থীদের কাছ থেকে প্রাপ্ত আবেদনসমূহের তথ্যাদির সঠিকতা যাচাই-বাছাই করার জন্য সমন্বিত উপবৃত্তি কর্মসূচি ম্যানুয়েলের ৮.৩ অনুচ্ছেদ অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে নিম্নরূপভাবে আবেদনপত্র যাচাই-বাছাই কমিটি গঠনের নির্দেশনা রয়েছেঃ

**শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে (স্কুল, কলেজ ও সমমান) আবেদনপত্র যাচাই-বাছাই কমিটি:**

| ক্রমিক নং | কর্মকর্তার পদবী | কমিটিতে পদ |
|---|---|---|
| ০১ | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান | সভাপতি |
| ০২ | ইউনিয়ন পরিষদ/পৌরসভার সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর | সদস্য |
| ০৩ | সংশ্লিষ্ট শ্রেণির শ্রেণি শিক্ষক | সদস্য সচিব |

**মেট্রোপলিটন এলাকার শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও সমমান) পর্যায়ে আবেদনপত্র যাচাই-বাছাই কমিটি (ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম ও খুলনা):**

| ক্রমিক নং | কর্মকর্তার পদবী | কমিটিতে পদ |
|---|---|---|
| ০১ | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান | সভাপতি |
| ০২ | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির ১ জন সদস্য (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মনোনীত) | সদস্য |
| ০৩ | সংশ্লিষ্ট শ্রেণির শ্রেণি শিক্ষক | সদস্য সচিব |

**কর্মপরিধি:**

১। শিক্ষার্থী কর্তৃক জমাকৃত আবেদনপত্রের তথ্য HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি করার পূর্বে আবেদনপত্রের তথ্যাদি যাচাই-বাছাই কমিটির সভা অবশ্যই আয়োজন করতে হবে।

২। সভার নোটিশ, সদস্যদের স্বাক্ষর ও অনুমোদিত কার্যবিবরণী অবশ্যই সংরক্ষণ করতে হবে।

৩। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/শ্রেণি শিক্ষক নিজে তত্ত্বাবধান করে উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থীদের আবেদনপত্র নির্ভুলভাবে পূরণে সহায়তা করবেন।

৪। কমিটি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ৬ষ্ঠ, ৯ম (বিশেষ ক্ষেত্রে) ও ১১শ শ্রেণির শিক্ষার্থীদের কাছ থেকে প্রাপ্ত আবেদনপত্রের তথ্যাদির সত্যতা/সঠিকতার বিষয়ে নিশ্চিয়তা প্রদান করবেন।

৫। কমিটির সদস্যগণ প্রয়োজনে শিক্ষার্থীর বাড়ি পরিদর্শন করে আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদির সত্যতা যাচাই বাছাই করতে পারবেন।

৬। শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ের কমিটি কর্তৃক বিবেচিত কোন শিক্ষার্থীর তথ্য এন্ট্রিতে কোনো অসত্য তথ্য প্রদান বা অনিয়ম করা হলে তা শাস্তিযোগ্য হিসেবে বিবেচিত হবে।

৭। সংশ্লিষ্ট শ্রেণির মোট শিক্ষার্থীর সংখ্যা উল্লেখপূর্বক উপবৃত্তির আবেদন HSP-MIS সফটওয়্যারে এন্ট্রির জন্য বাছাইকৃত শিক্ষার্থীদের তালিকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে প্রদর্শন করতে হবে।

৮। শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে গঠিত কমিটির নিকট উপস্থাপিত আবেদনপত্রের তথ্যাদির সত্যতা যাচাই-বাছাইয়ের মাধ্যমে সুপারিশপ্রাপ্ত শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের তত্ত্বাবধানে সঠিকভাবে HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি করতে হবে।

৯। সংশ্লিষ্ট শিক্ষার্থী কর্তৃক পূরণকৃত আবেদনপত্র, কমিটির সভার কার্যবিবরণী, শিক্ষার্থীর উপস্থিতি, সাময়িক/বার্ষিক পরীক্ষার উত্তরপত্র ও বিবাহ সম্পর্কিত তথ্য সঠিক ও সুবিন্যস্তভাবে মাধ্যমিক পর্যায়ে ১০ম শ্রেণি পর্যন্ত এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে ১২শ শ্রেণি পর্যন্ত সংরক্ষণ করবেন। যে কোন সময় কর্তৃপক্ষ তা পরিবীক্ষণ করতে পারেন।

১০। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS সফটওয়্যারে এন্ট্রিকৃত শিক্ষার্থীদের আবেদন HSP-MIS সফটওয়্যারের নির্ধারিত বাটনে ক্লিক করে অনলাইনে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে।

১১। এন্ট্রিকৃত সকল শিক্ষার্থীর তথ্য উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসে HSP-MIS সফটওয়্যারের মাধ্যমে প্রেরণ করার পরে "আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদির ভিত্তিতে এন্ট্রিকৃত সকল তথ্যাদি সঠিক আছে মর্মে" একটি প্রত্যয়নপত্র উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবর দাখিল করবেন।

১২। কোন শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট শ্রেণিতে ভর্তিকৃত বা অধ্যয়নরত মোট শিক্ষার্থীদের মধ্যে কতজনের উপবৃত্তির আবেদন বাছাই করা যাবে এ জাতীয় কোন নির্ধারিত অনুপাত বা শতকরা হার নেই। তবে উপবৃত্তির আবেদন HSP-MIS সফটওয়্যারে এন্ট্রির ক্ষেত্রে অসচ্ছল পরিবারের শিক্ষার্থীদের বাছাই করতে হবে।

১৩। কমিটি প্রয়োজনে যেকোনো সময়ে সভায় মিলিত হতে পারবেন।

বর্ণিত অবস্থায়, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির ম্যানুয়েল অনুযায়ী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে গঠিত কমিটির সকল সদস্যকে কমিটির বিষয়টি অবগত করানোসহ এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করার জন্য অনুরোধ করা হলো।

২২/১১/২৩

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
হিসাব শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা),নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd




স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.১৩.০০১.২০-৮৮

তারিখ: ২৫ অগ্রাহয়ণ ১৪৩০
১০ ডিসেম্বর ২০২৩

উপবৃত্তির জন্য শিক্ষার্থীর আবেদনপত্রের তথ্যাদির সঠিকতা যাচাই-বাছাইয়ের জন্য শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ের কমিটি ও এর কর্মপরিধি অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ ফর্দ।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার
সকল উপজেলা/থানা

১০.১২.২৩

মোহাম্মদ আবু জাফর
হিসাবরক্ষণ কর্মকর্তা
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

সদয় অনুলিপি:

১। জেলা প্রশাসক ..........(সকল)
২। জেলা শিক্ষা অফিসার ..........(সকল)
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। মাহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www. pmeat.gov.bd

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/৩১৭/১(৫৩২) তারিখ: ২২.১১.২০২৩ খ্রি.

**বিষয়: উপবৃত্তির জন্য শিক্ষার্থীর আবেদনপত্রের তথ্যাদির সঠিকতা যাচাই-বাছাইয়ের জন্য শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ের কমিটি ও এর কর্মপরিধি অনুযায়ী কার্যক্রম গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ে পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির মাধ্যমে সারাদেশে ৬ষ্ঠ হতে ১২শ শ্রেণিতে অধ্যয়নরত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি ও টিউশন ফি যথাযথভাবে বিতরণের লক্ষ্যে শিক্ষার্থীদের কাছ থেকে প্রাপ্ত আবেদনসমূহের তথ্যাদির সঠিকতা যাচাই-বাছাই করার জন্য সমন্বিত উপবৃত্তি কর্মসূচি ম্যানুয়েলের ৮.৩ অনুচ্ছেদ অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে নিম্নরূপভাবে আবেদনপত্র যাচাই-বাছাই কমিটি গঠনের নির্দেশনা রয়েছেঃ

**শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে (স্কুল, কলেজ ও সমমান) আবেদনপত্র যাচাই-বাছাই কমিটি:**

| ক্রমিক নং | কর্মকর্তার পদবী | কমিটিতে পদ |
|---|---|---|
| ০১ | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান | সভাপতি |
| ০২ | ইউনিয়ন পরিষদ/পৌরসভার সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর | সদস্য |
| ০৩ | সংশ্লিষ্ট শ্রেণির শ্রেণি শিক্ষক | সদস্য সচিব |

**মেট্রোপলিটন এলাকার শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও সমমান) পর্যায়ে আবেদনপত্র যাচাই-বাছাই কমিটি (ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম ও খুলনা):**

| ক্রমিক নং | কর্মকর্তার পদবী | কমিটিতে পদ |
|---|---|---|
| ০১ | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান | সভাপতি |
| ০২ | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির ১ জন সদস্য (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মনোনীত) | সদস্য |
| ০৩ | সংশ্লিষ্ট শ্রেণির শ্রেণি শিক্ষক | সদস্য সচিব |

কর্মপরিধি:

১। শিক্ষার্থী কর্তৃক জমাকৃত আবেদনপত্রের তথ্য HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি করার পূর্বে আবেদনপত্রের তথ্যাদি যাচাই-বাছাই কমিটির সভা অবশ্যই আয়োজন করতে হবে।

২। সভার নোটিশ, সদস্যদের স্বাক্ষর ও অনুমোদিত কার্যবিবরণী অবশ্যই সংরক্ষণ করতে হবে।

৩। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/শ্রেণি শিক্ষক নিজে তত্ত্বাবধান করে উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থীদের আবেদনপত্র নির্ভুলভাবে পূরণে সহায়তা করবেন।

৪। কমিটি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ৬ষ্ঠ, ৯ম (বিশেষ ক্ষেত্রে) ও ১১শ শ্রেণির শিক্ষার্থীদের কাছ থেকে প্রাপ্ত আবেদনপত্রের তথ্যাদির সত্যতা/সঠিকতার বিষয়ে নিশ্চিয়তা প্রদান করবেন।

৫। কমিটির সদস্যগণ প্রয়োজনে শিক্ষার্থীর বাড়ি পরিদর্শন করে আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদির সত্যতা যাচাই বাছাই করতে পারবেন।

৬। **শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ের কমিটি কর্তৃক বিবেচিত কোন শিক্ষার্থীর তথ্য এন্ট্রিতে কোনো অসত্য তথ্য প্রদান বা অনিয়ম করা হলে তা শাস্তিযোগ্য হিসেবে বিবেচিত হবে।**

৭। সংশ্লিষ্ট শ্রেণির মোট শিক্ষার্থীর সংখ্যা উল্লেখপূর্বক উপবৃত্তির আবেদন HSP-MIS সফটওয়্যারে এন্ট্রির জন্য বাছাইকৃত শিক্ষার্থীদের তালিকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে প্রদর্শন করতে হবে।

৮। শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে গঠিত কমিটির নিকট উপস্থাপিত আবেদনপত্রের তথ্যাদির সত্যতা যাচাই-বাছাইয়ের মাধ্যমে সুপারিশপ্রাপ্ত শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের তত্ত্বাবধানে সঠিকভাবে HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি করতে হবে।

৯। সংশ্লিষ্ট শিক্ষার্থী কর্তৃক পূরণকৃত আবেদনপত্র, কমিটির সভার কার্যবিবরণী, শিক্ষার্থীর উপস্থিতি, সাময়িক/বার্ষিক পরীক্ষার উত্তরপত্র ও বিবাহ সম্পর্কিত তথ্য সঠিক ও সুবিন্যস্তভাবে মাধ্যমিক পর্যায়ে ১০ম শ্রেণি পর্যন্ত এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে ১২শ শ্রেণি পর্যন্ত সংরক্ষণ করবেন। যে কোন সময় কর্তৃপক্ষ তা পরিবীক্ষণ করতে পারেন।

১০। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS সফটওয়্যারে এন্ট্রিকৃত শিক্ষার্থীদের আবেদন HSP-MIS সফটওয়্যারের নির্ধারিত বাটনে ক্লিক করে অনলাইনে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে।

১১। এন্ট্রিকৃত সকল শিক্ষার্থীর তথ্য উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসে HSP-MIS সফটওয়্যারের মাধ্যমে প্রেরণ করার পরে "আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদির ভিত্তিতে এন্ট্রিকৃত সকল তথ্যাদি সঠিক আছে মর্মে" একটি প্রত্যয়নপত্র উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবর দাখিল করবেন।

১২। কোন শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট শ্রেণিতে ভর্তিকতৃ বা অধ্যয়নরত মোট শিক্ষার্থীদের মধ্যে কতজনের উপবৃত্তির আবেদন বাছাই করা যাবে এ জাতীয় কোন নির্ধারিত অনুপাত বা শতকরা হার নেই। তবে উপবৃত্তির আবেদন HSP-MIS সফটওয়্যারে এন্ট্রির ক্ষেত্রে অসচ্ছল পরিবারের শিক্ষার্থীদের বাছাই করতে হবে।

১৩। কমিটি প্রয়োজনে যেকোনো সময়ে সভায় মিলিত হতে পারবেন।

বর্ণিত অবস্থায়, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির ম্যানুয়েল অনুযায়ী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে গঠিত কমিটির সকল সদস্যকে কমিটির বিষয়টি অবগত করানোসহ এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

22/12/2

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা (স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানে অত্র পত্রটি প্রেরণের অনুরোধসহ)।

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
০২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার, সকল বিভাগ।
০৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৭। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলি রোড, ঢাকা।
০৮। জেলা প্রশাসক, সকল জেলা।
০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
১০। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
১১। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান।
১২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা।
১৪। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলি রোড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।